## ৭.১. পূর্বতোসিদ্ধ (এবং পরতোসাধ্য) বচন [A-priori (and a-posteriori) Proposition]

এমন কিছু বচন আছে যেগুলি অনিবার্যরূপে বা অবশ্যম্ভবরূপে সত্য, কোন ভাবেই মিথ্যা হতে পারে না ; তেমনি আবার এমন কিছু বচন আছে যেগুলি অনিবার্য বা অবশ্যম্ভবভাবে মিথ্যা, কোনভাবেই সত্য হতে পারে না। যেমন—

'কোন ব্যক্তি একই কালে দুটি ভিন্নস্থানে থাকতে পারে না।'

'যার আকার আছে তার আয়তন আছে '।

'ক-ঘটনাটি যদি খ-ঘটনার আগে ঘটে, খ-ঘটনাটি যদি গ-ঘটনার আগে ঘটে, তাহলে ক-ঘটনাটি গ-ঘটনার আগে ঘটে।'

এসব বচন যে অনিবার্যরূপে সত্য তা জানার জন্য যাচাই করার প্রয়োজন হয় না, অর্থাৎ অভিজ্ঞতার দ্বারা, পরীক্ষা-নিরীক্ষার দ্বারা সত্যতা যাচাই করার আগেই এসব বচন সত্যরূপে সিদ্ধ থাকে। এ প্রকার অনিবার্য **সত্য বচনকে, যাদের সত্যতা নির্ণয়ের জন্য অভিজ্ঞতার প্রয়োজন হয় না, 'পূর্বতোসিদ্ধ বচন' (a-priori proposition) বলা হয়। এইসব অনিবার্য সত্য বচনের অস্বীকৃতি হল অনিবার্য মিথ্যা বচন।**

পক্ষান্তরে, এমন কিছু বচন আছে যেগুলি ঘটনাচক্রে সত্য, যাদের সত্যতার মধ্যে কোন অনিবার্যতা নেই, আমাদের এই জগতের নিয়মচক্রে সত্য হয়েছে, মিথ্যা হবার সম্ভাবনাও ছিল। যেমন—

'এই ঘরে চারজন লোক আছে'।

'কিছু বিড়াল কালো'।

'মানুষ ঘোড়ার চেয়ে দ্রুত ছুটতে পারে না'।

এসব বচন ঘটনাচক্রে সত্য (happen to be true),আপতিক সত্য (contingently true) এবং এসব বচন যে সত্য তা অভিজ্ঞতার মাধ্যমে জানতে হয়, এসব বচনের সত্যতা অভিজ্ঞতার দ্বারা (পরতঃ) সিদ্ধ হয়। **এপ্রকার আপতিক সত্য বচন, যাদের সত্যতা সম্পর্কে জ্ঞান অভিজ্ঞতার পরে আসে, তাদের বলা হয় 'পরতোসাধ্য বচন'** (a-posteriori proposition) **বা 'আপতিক বচন'। আপতিক সত্য বচনের অস্বীকৃতি হল আপতিক মিথ্যা বচন—যেগুলি ঘটনাচক্রে মিথ্যা, সত্য হবার সম্ভাবনাও ছিল।**

আমাদের এই অভিজ্ঞতার জগতে 'ঘোড়া মানুষের থেকে দ্রুতগামী' কথাটা সত্য হলেও সেই সত্যতার মধ্যে কোন অনিবার্যতা নেই, বিপরীতটা হবার সম্ভাবনাও ছিল। তেমনি, 'কিছু

বিড়াল কালো' কথাটা আমাদের জগতে সত্য হলেও ঐ সত্যতার মধ্যে কোন অনিবার্যতা নেই, সব বিড়ালের সাদা হবার সম্ভাবনাও ছিল। পূর্বতোসিদ্ধ বচনগুলির ক্ষেত্রে এমন বিকল্প থাকে না। পূর্বতোসিদ্ধ বচনমাত্রই অনিবার্যরূপে সত্য। এসব বচন মিথ্যা হবার সম্ভবনা নেই। এসব বচন কেবল আমাদের জগতেই সত্য নয়, যে কোন জগতে—যে কোন সম্ভাব্য বিশ্বে সত্য ; কেবল বর্তমানকালে সত্য নয়, যে কোন কালে সত্য।

অনিবার্য বা অবশ্যম্ভব সত্য হতে হলে কোন বচনকে অভিজ্ঞতা-নিরপেক্ষ বা পূর্বতোসিদ্ধ হতে হয়। আসলে 'অনিবার্য সত্য' এবং 'পূর্বতোসিদ্ধ' কথাদুটি সমার্থক। কোন বচন তখনই পূর্বতোসিদ্ধ (বচনটির সত্যতা অভিজ্ঞতার পূর্বে জ্ঞাত) হতে পারে যখন বচনটি সর্বদা এবং সবক্ষেত্রে অনিবার্যরূপে সত্য হয়—আজ সত্য, আগামীকাল সত্য, লক্ষ-কোটি বছর পরে সত্য, সৌরজগতে সত্য, অন্য গ্রহ-নক্ষত্রেও অনিবার্যরূপে সত্য। কাজেই বলা চলে যে, **কোন বচন যদি অনিবার্য সত্য হয় তাহলে তা পূর্বতোসিদ্ধ হবে, আর কোন বচন যদি পূর্বতোসিদ্ধ হয় তাহলে তা অনিবার্য সত্য হবে।**

পূর্বতোসিদ্ধ বা অনিবার্য সত্য বচন সম্পূর্ণরূপে অভিজ্ঞতা নিরপেক্ষ,—এসব বচনের সত্যতা যাচাই করার জন্য অভিজ্ঞতার প্রয়োজন হয় না। 'রাম যদি কলকাতায় থাকে তাহলে সে লণ্ডনে নেই' এই বচনটি যে অনিবার্যরূপে সত্য তা নির্ণয় করার জন্য কোন রকম অভিজ্ঞতার, পরীক্ষা-নিরীক্ষার প্রয়োজন হয় না। অভিজ্ঞতার ওপর নির্ভর না করেই আমরা বলতে পারি যে, বচনটি অনিবার্যরূপে সত্য। তেমনি, কোন বস্তুকে যদি আমরা 'লাল' বলে জানি তাহলে 'ঐ লাল বস্তুটি রঙিন' বচনটি অনিবার্য সত্য হবে এবং বচনটির সত্যতা নির্ধারণের জন্য কোন পরীক্ষা-নিরীক্ষার প্রয়োজন হবে না।

**পক্ষান্তরে, যে সব সত্য বচন ভবিষ্যতে সত্য হবে কি-না তা জানার জন্য তথ্যাদি সংগ্রহের, পরীক্ষা-নিরীক্ষার প্রয়োজন হয় সেসব আপতিক সত্য বচন বা পরতোসাধ্য সত্য বচন।**

কোন বচন যে পূর্বতোসিদ্ধ বা অনিবার্যসত্য বচন—এটা বচনটির গঠনগত কাঠামোর ওপর নির্ভর করে না, নির্ভর করে 'বচনটির সত্যতা আমরা কি ভাবে জানি'—এই বৈশিষ্ট্যের ওপর। এখানেই বিশ্লেষক বচনের (analytic proposition) সঙ্গে পূর্বতোসিদ্ধ বচনের (a-priori proposition) পার্থক্য। বচনের গঠনগত কাঠামো (ভাষাগত কাঠামো) দেখেই বলা যেতে পারে, কোন বচন বিশ্লেষক অথবা বিশ্লেষক নয়। আর, যে বচনের সত্যতা অভিজ্ঞতা আগেই জ্ঞাত থাকে, অভিজ্ঞতার দ্বারা সত্যতা যাচাই করার প্রয়োজন হয় না, তা হল পূর্বতোসিদ্ধ বা অনিবার্যসত্য বচন।

প্রাকৃতিক নিয়মজ্ঞাপক সার্বিক বচনগুলিকে আমরা সাধারণত অনিবার্য সত্য বচন বলে মনে করি। যেমন —

(সমুদ্র সমতটে) 'জল ২১২° ফারেনহাইটে ফোটে ।'

'জল নিম্নগামী।'

'মেঘ থেকে বৃষ্টি হয়।'

এইসব নিয়মের মাধ্যমে প্রকৃতির একরূপতা (uniformity) প্রকাশ পায়। কিন্তু প্রাকৃতির নিয়মানুবর্তীতা নিয়মটিকে কি অনিবার্য সত্য বলা যাবে ? প্রকৃতির কোন একটি নিয়ম অনুসারে এ যাবৎ ঘটনা ঘটলেও অভিষ্যতের ঘটনাও যে ঐ নিয়ম অনুসরণ করে ঘটবে—এমন বলার সঙ্গত যুক্তি নেই। আমাদের জ্ঞানের ইতিহাস একথাই বলে যে, একদিন মানুষ যে নিয়মকে সত্য মনে করেছে, পরবর্তীকালে তা মিথ্যা বলে প্রমাণিত হয়েছে। আসলে, ঘটনার অভিজ্ঞতার ওপর নির্ভর করে যে সব প্রাকৃতিক নিয়ম আবিষ্কার করা হয় তা পরতোসাধ্য, আপতিক সত্য, অনিবার্য সত্য নয়। এজন্য **অভিজ্ঞতাসিদ্ধ প্রাকৃতিক নিয়ম যে বচনে প্রকাশ পায় তা কখনই পূর্বতোসিদ্ধ অর্থাৎ অনিবার্য সত্য হতে পারে না।**